# উপজেলা পরিষদ কার্যালয়
দাউদকান্দি, কুমিল্লা।

## ৫ম উপজেলা পরিষদের ১৬-তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মেজর (অবঃ) মোহাম্মদ আলী।<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা। |
| সভার তারিখ | ঃ | ২৯/০৩/২০২২ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দাউদকান্দি, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট "ক" তে স্বাক্ষরের ক্রমানুসারে। |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট "খ" তে প্রদর্শিত। |

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দাউদকান্দি, কুমিল্লা-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, দাউদকান্দি সভায় বিগত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করেন এবং প্রয়োজনীয় সংশোধনী উপস্থাপন করার জন্য উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। তিনি সভায় জানান যে, গৌরীপুর হাসপাতালের স্টাফ কোয়ার্টার ব্যবহারের অনুপযোগী, উক্ত কোয়ার্টার গুলো দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক ভবনগুলো মেরামতের জন্য প্রাক্কলণ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে । কৃষি জমির শ্রেনি পরিবর্তন না করার জন্য এবং সেচ কার্যক্রম সচল রাখতে সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | কৃষি জমির শ্রেণি পরিবর্তন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ২.০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে, কোথায় কোন সমস্যা নেই। তিনি সভায় আরো জানান যে, গবাদি পশুর চিকিৎসা কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। কোথাও কোন সমস্যা নেই। | গবাদিপশুর ভেকশিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দাউদকান্দি, কুমিল্লা |
| ২.০৪ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় আরো জানান যে, দুর্যোগ জনিত ঝঁকি হ্রাস কর্মসূচির অনেক ঋণের অর্থ অনাদায়ী রয়েছে। ইউপি চেয়ারম্যানগণ একটু তৎপরতা দেখালে সরকারের ঐ ঋণের অর্থগুলো আদায় করা সম্ভবপর হয়। তিনি ইউপি চেয়ারম্যানগণকে উক্ত ঋণের অর্থ আদায়ে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। | দুর্যোগ জনিত ঝঁকি হ্রাস কর্মসূচির ঋণের অর্থ দ্রুত আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, দাউদকান্দি, কুমিল্লা |
| ২.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। কোথাও কোন সমস্যা নেই। | বিভাগীয় বিস্তারিত কার্যক্রম সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.০৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৪৯টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৮০% বিদ্যালয়ে সীমানা নির্ধারিত করা আছে। কিছু বিদ্যালয়ে মামলা চলমান বাকীগুলো স্থানীয়ভাবে বিরোধ থাকায় সরকারি আমিন দিয়ে দ্রুত সীমানা নির্ধারণ করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় তিনি জানান। বিদ্যালয় বন্ধ থাকায় অনলাইন ও মোবাইল ফোনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান আছে মর্মেও সভাকে তিনি অবহিত করেন। গোলাপেরচর গ্রামে মুজিববর্ষ ভিলেজ প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ১লা জানুয়ারী, ২০২২খ্রিঃ হতে শুরু হয়েছে। বিদ্যালয়টি সরকারিকরণের যাবতীয় কার্যক্রম সমাপ্তের পথে। মালীগাঁও ইউনিয়নে আরেকটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করার কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় তিনি জানান। | ক) দাউদকান্দি উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারণের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় (যেগুলো মামলা চলমান আছে ঐ বিদ্যালয় ব্যতিত)। | উপজেলা প্রকৌশলী, উপজেলা শিক্ষা অফিসার এবং চেয়ারম্যান, দাউদকান্দি(উঃ) ইউনিয়ন পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২.০৭ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। মৎস্য চাষীদের দ্বারা প্রতি বছর গাইড ওয়াল নির্মাণের বিষয়ে সভায় তিনি আলোচনা করেন। | মৎস্য চাষীদের দ্বারা প্রতি বছর গাইড ওয়াল নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.০৮ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে । কোথাও কোন সমস্যা নেই। | ভিজিটি এবং মাতৃত্ব ভাতা বিধি মোতাবেক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, দাউদকান্দি উপজেলায় ১২টি এতিমখানা রয়েছে। এতিমখানাগুলোতে অবস্থানরত এতিম শিশুদের এতিম সনদ (পিতার মৃত্যু সনদ/পরিত্যক্ত) এবং জন্ম নিবন্ধনসহ প্রতিষ্ঠানের সকল এতিমের নাম, ঠিকানা, ছবিসহ তালিকা ও রেজিস্ট্রার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সংরক্ষণ করবে । এতিমখানা কর্তৃক বিল দাখিলের পূর্বে এতিমখানায় অবস্থানরত এতিম শিশুদের সংখ্যা সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র গ্রহণ করা হলে এতিমখানা গুলো আরো স্বচ্ছ ও জনকল্যাণকর হবে মর্মে সভায় তিনি জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এতিমখানাগুলো তে বসবাসরত এতিমদের এতিম সনদ (পিতার মৃত্যুসনদ/পরিত্যক্ত) এবং জন্ম নিবন্ধনসহ প্রতিষ্ঠানের সকল এতিমের নাম, ঠিকানা ছবিসহ তালিকা ও রেজিস্ট্রার সংরক্ষণ করা এবং বিল দাখিলের পূর্বে এতিম শিশুর সংখ্যা সম্পর্কে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র গ্রহণকরার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার ও মেয়র দাউদকান্দি পৌরসভা/সকল ইউপি চেয়ারম্যান দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১০ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, কিছু ঋণ খেলাপী রয়েছে যারা দীর্ঘদিন যাবৎ ঋণের খেলাপী টাকা পরিশোধ করছেন না । তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে খেলাপী টাকা আদায়ের বিষয়ে সভায় তিনি প্রস্তাব করেন । | ঋণ খেলাপীদের নিকট হতে ঋণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। কোথাও কোন সমস্যা নেই। | বিভাগীয় বিস্তারিত কার্যক্রম সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১২ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। কোথাও কোন সমস্যা নেই। | বিভাগীয় বিস্তারিত কার্যক্রম সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস ভবন পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় উপজেলায় জনস্বাস্থ্য অধিদপ্তরের নতুন অফিস ভবন নির্মাণ প্রয়োজন। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মহোদয় দাউদকান্দি উপজেলায় একটি নতুন ভবন বরাদ্দ দিবেন মর্মে আশ্বাস প্রদান করেছেন মর্মে সভায় তিনি জনান। | বরাদ্দ পাওয়া সাপেক্ষে দাউদকান্দি উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের নতুন ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় সভায় জানান যে, কোভিড-১৯ জনিত কারণে দাউদকান্দি উপজেলার ৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে ক্লাস চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে মর্মে সভায় তিনি জানান। | বিভাগীয় বিস্তারিত কার্যক্রম সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১৫ | বন বিভাগ | ফরেস্টার, সভায় অনুপস্থিত। | সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেষ্টার সামাজিক বন বিভাগ দাউদকান্দি, কুমিল্লা। |
| ২.১৬ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানা যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) প্রকল্পের ১ম, ২য় ও ৩য় কিস্তির বরাদ্দ এসেছে । সম্ভাব্য ৪র্থ কিস্তিসহ উক্ত অর্থ দ্বারা “পরিশিষ্ট-গ” মোতাবেক সংশোধিত প্রকল্প গ্রহণ করা হয়েছে মর্মে সভায় তিনি জানান। সভায় উক্ত প্রকল্পগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর সংশোধিত প্রকল্প সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী দাউদকান্দি ও সকল ইউপি চেয়ারম্যান। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১৭ | ১৭টি স্থায়ী কমিটির সভার সুপারিশ সম্পর্কে আলোচনা | দাউদকান্দি উপজেলা পরিষদের পারফরম্যান্স সঠিক রাখার জন্য নিয়মিত স্থায়ী কমিটির সভা আহবান করে উপজেলা পরিষদের নিকট সুপারিশ সংবলিত কার্যবিবরণী প্রেরণ করার জন্য উপজেলা চেয়ারম্যান সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | ১৭টি স্থায়ী কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা পরিষদে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ২.১৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব মোঃ সোহেল রানা সভায় জানান, ইউজিডিপি'র ৫ম পর্যায় সক্ষমতা উন্নয়ন প্রকল্পের জন্য প্রকল্প নির্বাচন কমিটি কর্তৃক বাছাইকৃত ০৬টি উপ-প্রকল্প নির্বাচন করা হয় এবং অবকাঠামো উন্নয়ন খাতে ০৬টি প্রকল্প নির্বাচন করা হয়। সভায় উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন তিনি। | ইউজিডিপি প্রকল্প প্রাক্কলন ও ড্রইং ডিজাইন মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ দাউদকান্দি, কুমিল্লা। |
| ৩.০০ | বিবিধ | ইউনিয়ন পরিষদ কার্যক্রম ও মূল্যায়ন | | |
| ৩.০১ | চেয়ারম্যান দাউদকান্দি (উঃ) ইউপি | চেয়ারম্যান, দাউদকান্দি(উঃ) ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি সভায় আরো জানান যে, দাউদকান্দি(উঃ) ইউনিয়ন পরিষদটি খুবই ঝুঁকিপূর্ণ । যে কোন সময় ভেংগে জানমালের ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। দ্রুত ভবনটি প্রয়োজনীয় মেরামতসহ নতুন পরিষদের জন্য কিছু আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.০২ | চেয়ারম্যান সুন্দলপুর ইউপি | চেয়ারম্যান, সুন্দলপুর ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.০৩ | চেয়ারম্যান বারপাড়া ইউপি | চেয়ারম্যান, বারপাড়া ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.০৪ | চেয়ারম্যান গৌরীপুর ইউপি | চেয়ারম্যান, গৌরীপুর ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন | প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- |
| ৩.০৫ | চেয়ারম্যান জিংলাতলী ইউপি | চেয়ারম্যান, জিংলাতলী ইউপি সভায় অনুপস্থিত। | নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ৩.০৬ | চেয়ারম্যান ইলিয়টগঞ্জ (উঃ) ইউপি | চেয়ারম্যান, ইলিয়টগঞ্জ(উঃ) ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে নিম্নবর্ণিত ০৩টি প্রকল্প বাস্তবায়ন অত্যন্ত জরুরী-<br>ক) সিংগুলা মাদ্রাসা হতে সালাম ডাক্তার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। প্রাঃ মূল্য ৩,১৪,২১২/- টাকা।<br>খ) সিংগুলা পূর্বপাড়া রমিজ সরকার বাড়ী হতে বীর মুক্তিযোদ্ধা খোর্শেদ আলম সরকার এর বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। প্রাঃ মূল্য ৩,৮৮,৮৩৪/- টাকা।<br>গ) খোশকান্দি পাকা রাস্তা হতে সালাম মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। প্রাঃ মূল্য ১১,০০,৯৩৫/- টাকা।<br>প্রকল্পগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রকল্প তিনটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দাউদকান্দি, কুমিল্লা। |
| ৩.০৭ | চেয়ারম্যান ইলিয়টগঞ্জ (দঃ) ইউপি | চেয়ারম্যান, ইলিয়টগঞ্জ(দঃ) ইউপি সভায় অনুপস্থিত। | নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ৩.০৮ | চেয়ারম্যান মালিগাঁও ইউপি | চেয়ারম্যান, মলিগাঁও ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.০৯ | চেয়ারম্যান মোহাম্মদপুর (পঃ) | চেয়ারম্যান, মোহাম্মদপুর(পঃ) ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১০ | চেয়ারম্যান মারুকা ইউপি | চেয়ারম্যান, মারুকা ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | প্রাক্কলণ ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.১১ | চেয়ারম্যান বিটেশ্বর ইউপি | চেয়ারম্যান, বিটেশ্বর ইউপি সভায় অনুপস্থিত। | নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ৩.১২ | চেয়ারম্যান পাঁচগাছিয়া (পঃ) ইউপি | চেয়ারম্যান, পাঁচগাছিয় ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | প্রাক্কলণ ও ডিজাইন মোতাবেক সরকারি প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.১৩ | চেয়ারম্যান দৌলতপুর ইউপি | চেয়ারম্যান, দৌলতপুর ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি সভায় আরো জানান যে, তাঁর ইউনিয়নে উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নবর্ণিত কয়েকটি প্রকল্প বাস্তবায়ন প্রয়োজন। প্রকল্পগুলো হলো-<br>ক) চৌধুরীপাড়া পাকা রাস্তা থেকে সরকার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।<br>খ) সম্ভুরদিয়া পাকা রাস্তা থেকে গণেশ মাষ্টার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।<br>গ) দৌলতপুর ইউনিয়নের সাইফুল মিয়াজীর বাড়ী থেকে পাইকারচর ব্রীজ পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।<br>ঘ) পেন্নাই বাবুরহাট সড়ক থেকে বৈশারদিয়া তালুকদার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।<br>ঙ) রফারদিয়া পাকা রাস্তা থেকে জামাল প্রধান বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।<br>প্রকল্পগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রকল্পগুলোর পরিদর্শন প্রতিবেদন দেয়ার কথা থাকালেও উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক পরিদর্শন প্রতিবেদন দাখিল করা সম্ভবপর হয়নি। | প্রকল্পগুলো সরেজমিন পরিদর্শনকরে জনস্বার্থ বিবেচিত হলে প্রকল্পগুলোর প্রাক্কলণ প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দাউদকান্দি, কুমিল্লা। |
| ৩.১৪ | চেয়ারম্যান গোয়ালমারী ইউপি | চেয়ারম্যান, গোয়ালমারী ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। গোয়ালমারী বাজারে দু'টি পরিত্যাক্ত গোডাউন নিলামে বিক্রির অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | গোয়ালমারী বাজারের দু'টি অব্যবহৃত গোডাউন বিধি মোতাবেক অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩.১৫ | চেয়ারম্যান পদুয়া ইউপি | চেয়ারম্যান, পদুয়া ইউপি সভায় জানান যে, টি আর, কাবিখা এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, এলজিএসপি প্রকল্পের কাজ শেষ হয়েছে। কাজগুলো পরিদর্শন করার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি পদুয়া ইউনিয়ের উন্নয়নে নিম্নবর্ণিত প্রকল্প প্রস্তাব সভায় উপস্থাপন করেন-<br>ক) পদুয়া ইউনিয়ন পরিষদের রাস্তার শুরুতে একটি গেইট নির্মাণ।<br>উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হয়নি মর্মে জানা যায়। | উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক প্রকল্প স্থানটি পরিদর্শন করা সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৪.০০ | উপজেলা পরিষদের কার্যক্রম ও মূল্যায়ন | | | |
| ৪.০১ | উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান | ভাইস-চেয়ারম্যান জনাব তারিকুল ইসলাম সভায় আরো জানান যে, ইউপি চেয়ারম্যানগণ এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ যাতে সকল উন্নয়ন কাজে তাঁকে সম্পৃক্ত করে। এ জন্য তিনি সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান। | সকল উন্নয়ন কাজে ভাইস-চেয়ারম্যানকে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৪.০২ | উপজেলা পরিষদ মহিলা ভাইস-চেয়ারম্যান | মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব রোজিনা আক্তার সভায় আরো জানান যে, ইউপি চেয়ারম্যানগণ এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ যাতে সকল উন্নয়ন কাজে তাঁকে সম্পৃক্ত করে। এ জন্য তিনি সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান। | সকল উন্নয়ন কাজে মহিলা ভাইস-চেয়ারম্যানকে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৪.০৩ | উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যক্তব্য | উপজেলা চেয়ারম্যান পরিষদ, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে সময়মত উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। সরকারি সকল বরাদ্দ এডিপি, উন্নয়ন তহবিল, এলজিএসপি, ১% খাতের বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প বিধি মোতাবেক সন্তোষজনকভাবে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ক। উপজেলা উন্নয়ন তহবিল হতে গৃহিত বর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উপজেলা শিক্ষা অফিসার, দাউদকান্দি, কুমিল্লা। |

CS CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সভাপতি সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), দাউদকান্দি উপজেলা শাখা- এর চেয়ারম্যান জনাব মোঃ আক্তারুজ্জামান ভূঁঞা (লাভু) কে এবং ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার কে উপজেলা পরিষদের সাধারণ সভায় কো-অপ্ট সদস্য নির্বাচন করার জন্য সভায় তিনি প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সভাপতি সভায় আরো জানান যে, দাউদকান্দি উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কোন শিক্ষক এ প্রশিক্ষণ গ্রহণ হতে বিরত থাকতে পারবে না মর্মে সভায় তিনি জানান। আগামী এপ্রিল/২২ মাসের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে তিনি নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সভাপতি দাউদকান্দি উপজেলাধীন দাউদকান্দি পৌরসভার দোনারচর গ্রামে ৩য় পর্যায়ে ১২৮টি একক গৃহ নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত গৃহগুলো সুরক্ষা প্রদানের জন্য একটি গাইড ওয়াল নির্মাণের জন্য নিম্নবর্ণিত প্রকল্প প্রস্তাব সভায় উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>ক.</td><td>দোনারচর মুজিববর্ষ ভিলেজের সুরক্ষার জন্য গাইড ওয়াল নির্মাণ।</td><td>৩০,৮১,১৩৯/-</td></tr>
</table>
সভায় এ প্রকল্পটি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সভাপতি সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট জানতে চান যে, দাউদকান্দি উপজেলায় কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হচ্ছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উক্ত প্রশ্নের কোন উত্তর দিতে পারেন নি। কারণ শিক্ষা প্রকৌশল বিভাগ হতে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হচ্ছে তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করা হয় না বা উন্নয়ন কাজে কোন রকম সম্পৃক্ততা রাখেনি মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান। পরবর্তী সভায় উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দাউদকান্দি, কুমিল্লা কে উপস্থিত রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি প্রত্যেক ইউপি চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গকে সরকারি যাকাত ফান্ডে যাকাত বাবদ অর্থ জমা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br><br>উপজেলা চেয়ারম্যান সভায় উপজেলা উন্নয়ন তহবিল, রাজস্ব তহবিল এবং উপজেলা হাট-বাজার উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য পরিশিষ্ট "গ" মোতাবেক প্রকল্প প্রস্তাব সভায় উপস্থাপন করেন। সভায় প্রকল্পগুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>খ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), দাউদকান্দি উপজেলা শাখা- এর চেয়ারম্যান জনাব মোঃ আক্তারুজ্জামান ভূঁঞা (লাভু) এবং ইসলামিক ফাউন্ডেশন এর ফিল্ড সুপারভাইজার কে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সদস্য নির্বাচন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ আগামী এপ্রিল/২২ মাসের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।<br><br>ঘ) দোনারচর মুজিববর্ষ ভিলেজের সুরক্ষার জন্য গাইড ওয়াল নির্মাণের জন্য প্রস্তাবিত প্রকল্পটি সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। উক্ত প্রকল্পটি উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঙ) উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দাউদকান্দি, কুমিল্লা-কে পরবর্তী মাসিক সাধারণ সভায় উপস্থিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চ) সরকারি যাকাত ফান্ডে যাকাতের অর্থ জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ছ) পরিশিষ্ট "গ" মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৪.০৪</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার এর বক্তব্য</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনকভাবে সম্পন্ন করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। চলমান বার্ষিক উন্নয়ন কর্মসূচি, উপজেলা রাজস্ব/উন্নয়ন তহবিল এবং স্থাবর সম্পত্তির হস্তান্তর করের ১% তহবিল এবং এলজিএসপি খাত হতে গৃহীত প্রকল্প প্রাক্কলন অনুযায়ী সন্তোষজনকভাবে সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান।</td>
<td>ক। চলমান উন্নয়ন প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দাউদকান্দি উপজেলা নির্দেশক কোন গেইট নেই। এ জন্য ইলিয়টগঞ্জ বাজারের শেষ প্রান্তে একটি গেইট নির্মাণ করা প্রয়োজন। দাউদকান্দি বলদাখাল নামক স্থানে (টোলপ্লাজা সংলগ্ন) জেলা পরিষদ কর্তৃক নির্মিত একটি কুমিল্লা জেলা গেইট নির্মাণ করা হয়েছে ঐ গেইটের নিম্নাংশে স্বাগত দাউদকান্দি লেখার প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খ। সভায় বিস্তারিত আলোচনান্তে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ইলিয়টগঞ্জ বাজারের শেষ প্রান্তে একটি গেইট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের বলদাখাল নামক স্থানে জেলা পরিষদ কর্তৃক নির্মিত গেইটে "স্বাগতম দাউদকান্দি উপজেলা" লিখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মুজিববর্ষ উপলক্ষে গোলাপেরচর মুজিব বর্ষ ভিলেজ এবং দোনারচর মুজিব বর্ষ ভিলেজ এর প্রোটেকশন ওয়াল দ্রুত নির্মাণ করার জন্য সভায় তিনি প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | গ। গোলাপেরচর এবং দোনারচর মুজিব বর্ষ ভিলেজের প্রোটেকশন ওয়াল নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, দাউদকান্দি আদর্শ শিশু নিকেতন কেজি স্কুলটি উপজেলা প্রশাসন কর্তৃক পরিচালিত হয়। উক্ত বিদ্যালয়টি বর্তমানে একটি ভাড়াকরা বাড়ীতে পরিচালিত হয়। বিদ্যালয়টি উপজেলা লাইব্রেরী ভবনে নাম পরিবর্তন করতঃ (বিয়াম ল্যাবরেটরি স্কুল) স্থানান্তর করার প্রস্তাব সভায় তিনি উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ঘ। দাউদকান্দি আদর্শ শিশু নিকেতন ভাড়া বাড়ী হতে উপজেলা পরিষদের লাইব্রেরী ভবনে বিয়াম ল্যাবরেটরি স্কুল নামে স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | |
| | | উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে নতুন নির্মিত বিপনী বিতান হতে ০২টি দোকান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, বিআরডিবি কে বরাদ্দ দেয়ার বিষয়ে সভায় প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ঙ। উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে নতুন নির্মিত বিপনী বিতান হতে ০২টি দোকান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, বিআরডিবি কে বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | |

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(স্বাক্ষর)
মোহাম্মদ আলী
সভাপতি ও চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দাউদকান্দি, কুমিল্লা।

স্মারক নং-০৫.৪২.১৯৩৬.০০৬.০০.০০.০০১.২০২২-২৮৬/৯(৫০)

তারিখ ঃ ২৯/০৩/২০২২ খ্রিঃ।

<u>অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-</u>

০১। মেজর জেনারেল (অবঃ) মোহাম্মদ সুবিদ আলী ভূঁইয়া, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-১ ও সভাপতি, প্রতিরক্ষা মন্ত্রাণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। মেয়র, দাউদকান্দি পৌরসভা, দাউদকান্দি, কুমিল্লা।
০৬। জনাব তারিকুল ইসলাম (নয়ন), ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা।
০৭। জনাব রোজিনা আক্তার, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা।
০৮। উপজেলা.........................................................................কর্মকর্তা, দাউদকান্দি, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান (সকল).............................................ইউনিয়ন পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা।
১০। জনাব.............................................................................................................
১১। সংরক্ষণ নথি।

(স্বাক্ষর) ২৯/০৩/২২
উপজেলা নির্বাহী অফিসার
দাউদকান্দি, কুমিল্লা।

পরিশিষ্ট-গ

ক) উপজেলা উন্নয়ন তহবিল হতে গৃহীত প্রকল্প ঃ

| নং | ইউনিয়ন/বিভাগ | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১ | সমাজ সেবা বিভাগ | বেকার যুবকদের আত্নকর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান। | ২,০০,০০০/- |
| ২ | পদুয়া ইউপি | মোল্লাকান্দি নদীর ঘাট থেকে মিয়া বাড়ী মসজিদ পর্যন্ত রাস্তা আর সি সিকরণ | ২,০০,০০০/- |
| ৩ | ঐ | পদুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা আরসিসি করণ। | ২,০০,০০০/- |
| ৪ | মোহাম্মদপুর(পঃ) ইউপি | দক্ষিণ মোহাম্মদপুর পোদ্দার বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৫ | ঐ | দক্ষিণ মোহাম্মদপুর কালামুন্সী বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৬ | ঐ | উদখোলা দক্ষিণ নগর পাকা রাস্তা সংলগ্ন স্থানে পাকা টয়লেট নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৭ | ঐ | রায়পুর মোসলেম মিয়অর বাড়ীতে জনস্বার্থে ঘাটলা নির্মাণ | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৮ | ঐ | চরকখোলা শহিদ ভূঞার বাড়ির ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৯ | ঐ | মালাখালা পুর্ব পাড়া হাজী বাড়ীর রাস্তা আরসিসিকরণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১০ | মালীগাঁও ইউপি | দক্ষিণনগর গ্রামে ছাত্তার মুন্সীর বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১১ | | দক্ষিণনগর মিজান মেম্বারের বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১২ | মারুকা | চক্রতলা গ্রামে আক্তার হোসেনের বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১৩ | ঐ | কাটারাপাড়া সেলিম প্রধানের বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১৪ | ঐ | ওজারখোলা মোল্লা বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- |
| ১৬ | গোয়ালমারী | লামছরী পাকা রাস্তা হতে বৃদ্ধা নিবাস পর্যন্ত রাস্তা পাকাকরণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১৭ | ঐ | গোয়ালমারী গ্রামের মণ্ড মেম্বারের বাড়ির সামনের খালে পাকা ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১৮ | ঐ | জামালকান্দি সরকার বাড়ীতে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ১৯ | ঐ | মন্থন পাকা ব্রীজের পাশে পুকুরে ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ২০ | ঐ | ঝাউতলী নাথ বাড়ী পুকুরে জনস্বার্থে পাকা ঘাটলা নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ২১ | ঐ | জুরানপুর কলেজ হতে বুলু চেয়ারম্যানের বাড়ীর রাস্তার দুই পার্শ্বে জনস্বার্থে সুরক্ষা ওয়াল নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ২২ | ঐ | দৌলতেরকান্দি গাজীপুর পাকা রাস্তা হতে আরম্ভ করে সোজা পূর্ব দিকে ১৮ শত বর্গফুট রাস্তা আরসিসিকরণ। | উপঃ প্রকৌশলী কর্তৃক পরিদর্শন পূর্বক বাস্তবায়ন জরুরী মর্মে প্রতিয়মান হলে প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ২৩ | | মন্থন প্রধান সড়ক হতে মসজিদের পশ্চিম পার্শ্বের আরসিসিকরণ | |
| ২৪ | | হাউসদি জসিম মেম্বারের বাড়ীতে জনস্বার্থে ঘাটলা নির্মাণ | ২,০০,০০০/- |
| ২৫ | গৌরীপুর | চরমাহমুদ্দি গ্রামের মাহাবুব ডাক্তারের জমি থেকে সরকার কবির উদ্দিনের বাড়ী পর্যন্ত পাকা রাস্তার অবশিষ্ট অংশ কাচা রাস্তা আরসিসিকরণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ২৬ | | দৈয়াপাড়া খোকন মিয়ার বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ২৭ | সুন্দলপুর | সুন্দলপুর ইউনিয়নের আফজাল সরকারের বাড়ীর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ | ২,০০,০০০/- |
| ২৮ | ঐ | চাঁদপুর সরকাপুর পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- |
| ২৯ | ঐ | সুন্দলপুর শহীদ নগর পাকা রাস্তা হতে সুন্দলপুর পূর্ব পাড়া ইয়াছিন ভূইয়ার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি করণ। | ২,০০,০০০/- |
| ৩০ | ঐ | শহীদনগর বাজার জামে মসজিদের পূর্ব পাশে হাইওয়ে রাস্তা সংলগ্ন শহিদনগর-মোহাম্মদপুর রাস্তায় পানি নিষ্কাশনের জন্য ৬০০ ফুট ড্রেন নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৩১ | ঐ | শিবপুর দড়িগোয়ালী পাকা রাস্তা সংলগ্ন চকমখোলা পাকা রাস্তা হতে খন্দকার বাড়ী জামে পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৩২ | ঐ | গয়েশপুর লতিফ ভূইয়া বাড়ি হতে আখন্দ বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৩৩ | ঐ | সুন্দলপুর শহীদনগর রাস্তা হতে খলিফা বাড়ির রাস্তা আরসিসিকরণ | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| | | | উপঃ প্রকৌশলী কর্তৃক পরিদর্শন পূর্বক বাস্তবায়ন জরুরী মর্মে প্রতিয়মান হলে প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৩৪ | বারপাড়া | সুকিপুর পাকা রাস্তা হতে মুসা মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসিকরণ। | উপঃ প্রকৌশলী কর্তৃক পরিদর্শন পূর্বক বাস্তবায়ন জরুরী মর্মে প্রতিয়মান হলে প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। ২,০০,০০০/- |
| ৩৫ | ঐ | বারপাড়া রাঙ্গাশিমুলিয়া গ্রামের হবুর মিয়ার বাড়ির পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ | ২,০০,০০০/- |
| ৩৬ | ইলিয়টগঞ্জ(উঃ) ইউনিয়ন | সিঙ্গুলা পূর্বপাড়া তারুর দোকানের সামে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- |
| ৩৭ | ঐ | সিঙ্গুলা সোলমান মুন্সির বাড়ির পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- |
| ৩৮ | ঐ | ভেলানগর কালাডুমুর নদীর উপর জনস্বার্থে কাঠের ব্রীজ নির্মাণ। | ২,০০,০০০/- |
| ৩৯ | ঐ | হাসেরখেলা ঝালোবাড়ি কালাডুমুর নদীতে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- |
| ৪০ | | সিঙ্গুলা পূর্বপাড়া খালের ভিতর বক্স কালভার্ট নির্মাণ। | ২,০০,০০০/- |
| ৪১ | দাউদকান্দি(উঃ) | চরচারুয়া গোদারাঘাটে যাত্রী ছাউনী নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৪২ | | চরচারুয়া গোদারাঘাটে জনস্বার্থে ঘাটলা নির্মাণ। | |
| ৪৩ | পাঁচগাছিয়া(পঃ) | বাজারখোলা ইউনিয়ন হাসপাতাল পুকুরে জনস্বার্থে ঘাটলা নির্মাণ | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ৪৪ | বিটেশ্বর | কাদিয়াভাঙ্গা গ্রামে খিরাই নদীর উপর কাঠের সেতু নির্মাণ | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |

খ) উপজেলা হাট-বাজার উন্নয়ন তহবিল হতে গৃহীত প্রকল্প ঃ

| নং | ইউনিয়ন | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ০১ | ইলিয়টগঞ্জ(দঃ) | ইলিয়টগঞ্জ বাজারে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ। | প্রাক্কলণ সাপেক্ষে ব্যয় ও বাস্তবায়ন প্রক্রিয়া নির্ধারিত হবে। |
| ০২ | গোয়ালমারী | গোয়ালমারী বাজারের সুরক্ষা ওয়ালসহ একটি ডাস্টবিন নির্মাণ। | ২,০০,০০০/- |
| ০৩ | ঐ | গোয়ালমারী বাজারে একটি ঘাটলা নির্মাণ। | ২,০০,০০০/- |
| ০৪ | বিটেশ্বর | বরকোটা বাজারের সেডঘর মেরামতকরণ। | ২,০০,০০০/- |
| ০৫ | পদুয়া | খালিশা বাজারে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ | ২,০০,০০০/- |
| ০৬ | গৌরীপুর | গৌরীপুর ভূমি অফিসের চার পার্শ্বে সুরক্ষা বেষ্টনী নির্মাণ | ২০,০০,০০০/- |

গ) বাজার রাজস্ব তহবিল হতে গৃহীত প্রকল্প ঃ

| নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | অফ সিজন তরমুজ, রক মেলন ও গ্রীষ্মকালীন সবজি চাষের জন্য ক্ষুদ্র, প্রান্তিক কৃষকের মাঝে বীজ বিতরণ। | ২,০০,০০০/- |
| ২ | উপজেলা পরিষদ পশ্চিম পার্শ্বের পুকুরে মাছের খাবার সরবরাহকরণ | ২,০০,০০০/- |
| ৩ | উপজেলা পরিষদ পূর্ব পার্শ্বের পুকুরে মাছের খাবার সরবরাহকরণ | ২,০০,০০০/- |

CamScanner